গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াশ, সিরাজগঞ্জ।
tarash.sirajganj.gov.bd

**উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই/২০২৩ মাসের মাসিক আইন-শৃঙ্খলা সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ মেজবাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার
তাড়াশ, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তাড়াশ

তারিখ : ২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সময় : বেলা ১০:৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভায় উপস্থিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির বিগত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠান্তে কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পর্যালোচনা পূর্বক কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে বিস্তারিত আলোচনাসহ অফিসার ইনচার্জ, তাড়াশ থানারে জুন/২০২৩ এবং জুলাই/২০২৩ মাসের তুলনামূলক অপরাধচিত্র আলোচনা করা হয়।

অফিসার ইনচার্জ, তাড়াশ থানার জুন/২০২৩ এবং জুলাই/২০২৩ মাসের তুলনামূলক অপরাধচিত্র নিম্নরূপ:

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | চুরি | পশু চুরি | হত্যা | অস্ত্র আইন | অপহরণ | ধর্ষণ | যৌতুক | শিশু/নারী নির্যাতন | মাদকদ্রব্য | চোরা চালান | দ্রুত বিচার আইন | পুলিশ আক্রান্ত | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | জুয়া | পর্নোগ্রাফি | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| জুন /২৩ | - | - | ১ | -- | - | ১ | ১ | - | - | - | ৯ | - | - | - | - | ১৫ | - | - | ২৭ |
| জুলাই /২৩ | - | - | ১ | - | ১ | ১ | - | - | - | - | ৮ | - | - | ১ | - | ১২ | - | - | ২৪ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৩। সাধাণ সম্পাদক, প্রেস ক্লাব, তাড়াশ সভায় জানান যে, মাদকের বিরুদ্ধে অভিযান চলমান রয়েছে। মাদকের বিরুদ্ধে অভিযান জোরদার করার জন্য অনুরোধ করেন। তিনি জানান, তাড়াশ বাজারে আটচালার ভিতর দোকান বরাদ্দ নিয়ে দোকানীরা রাস্তার উপড় চকিপেতে দোকানদারী করছে এতে রাস্তার উপড় দোকানদারী করার কারণে বাজারে যানজট সৃষ্টি হয়ে থাকে। তিনি জানান, মাঝে মাঝে সরকারি কোয়ার্টারে চুরি হয়ে থাকে, তিনি চোর কে আটক করার জন্য অনুরোধ করেন। তিনি জানান হাসপাতাল গেটে, হাসপতালের গার্ড স্থানীয়দের নিয়ে আড্ডা দিয়ে থাকে। তিনি আরও জানান, চলনবিলের পানি বৃদ্ধি পাওয়ার ফলে অপরাধও বৃদ্ধি পেয়েছে। চলনবিলে মাঝে মাঝে পুলিশ টহলের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি মাদক ব্যবসায়ী/সেবনকারী গ্রেফতার হচ্ছে কিন্তু মাদক প্রতিরোধ করা যাচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্টদের আরো কঠোর পদক্ষেপ গ্রহণের আহবান জানান। | চুরিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। চলনবিলে অপরাধ সংঘটিত না হয় সেজন্য পুলিশ টহলের বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াশ, সিরাজগঞ্জ। |
| ০৪। চেয়ারম্যান, ৭নং মাধাইনগর ইউনিয়ন, জানান যে, তাড়াশ সভায় জানান যে, মাদকের বিরুদ্ধে অভিযান চলমান রয়েছে। মাদকের বিরুদ্ধে অভিযান জোরদার করার জন্য অনুরোধ করেন। তিনি জানান, তাঁর ইউনিয়নে বিভিন্ন গ্রামে দোকানে গভীররাত পর্যন্ত কেরাম খেলে থাকে, কেরাম খেলা নিয়ে স্বামী স্ত্রী সংসারের মধ্যে ঝগড়া ও মারামারি হয়ে থাকে, তিনি গভীর রাত পর্যন্ত কেরাম খেলা বন্ধ করার জন্য অনুরোধ করেন। তিনি মাদকসেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে অফিসার ইনচার্জ, তাড়াশ থানার দৃষ্টি আকর্ষণ করেন। | কেরাম খেলা বন্ধ করার জন্য অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা, তাড়াশ, সিরাজগঞ্জ। |

| | | |
|---|---|---|
| ০৫। চেয়ারম্যান, ২নং বারুহাস ইউপি, তাড়াশ সভায় জানান যে, তাড়াশ উপজেলার আইন শৃঙ্খলার পরিস্থিতি মোটামুটি বেশ ভালো। তিনি মাদকের বিরুদ্ধে অভিযান জোরদার করার জন্য অনুরোধ করেন। তিনি মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীকে আইনের আওতায় আনার জন্য উপজেলা প্রশাসন, তাড়াশ ও তাড়াশ থানাকে ধন্যবাদ জাজান। তিনি জানান, ১৭ জুলাই ২০২৩ তাড়াশ পৌরসভার নির্বাচন সুষ্ঠু ও সুন্দর ভাবে হওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে ধন্যবাদ জানান। তিনি জানান, বস্তুলে পুকুর নিয়ে দু পক্ষের মাঝে বিরোধ তৈরি হওয়ার পর সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ কে লিখিত অভিযোগপত্র দেওয়ার পরও কোন সমাধান হয়নি। তিনি জানান, উভয় পক্ষ পুকুরে পোনা ছেড়েছে এতে যে কোন সময় উভয় পক্ষের মাঝে মারামরি হওয়ার আশংকা রয়েছে। তিনি সে ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি মাদকসেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। | বস্তুল পুকুর নিয়ে সৃষ্ট সমস্যা সমাধানের জন্য সহকারী কমিশনর (ভূমি) অনুরোধ জানানো হলো। | ১। সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ, সিরাজগঞ্জ।<br>২। অফিসার ইন-চার্জ, তাড়াশ থানা, তাড়াশ, সিরাজগঞ্জ। |
| ০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাড়াশ সভায় জানান যে, তাড়াশ উপজেলা হাসপাতালের স্টাফ কোয়ার্টারে মেডিকেল অফিসার ও নার্সের বাসায় চুরি হয়েছে। তিনি চুরির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে অনুরোধ করেন। তিনি মাদকসেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। | উপজেলা কোয়ার্টারে চুরির বিষয়ে চোরকে গ্রেফতার করার জন্য অভিযান জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তাড়াশ থানা, তাড়াশ, সিরাজগঞ্জ। |
| ০৭। সনজিত কর্মকর, তাড়াশ তাড়াশ জানান যে, গত ১৭ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখ তাড়াশ পৌরসভা নির্বাচন সুষ্ঠু ও সুন্দর হওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশানার (ভূমি), এবং অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে ধন্যবাদ দেন। তিনি জানান তাড়াশ পৌরসভা নির্বাচন অবাধ সুষ্ঠু, সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার পরও কতিপয় ব্যক্তি নির্বাচনে পরাজিত হয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে মির্থা বানোয়াট বিব্রতকর তথ্য প্রচার করছে। তিনি যে বা যারা সামাজিক যোগাযোগ মাধ্যমে অবাধ, সুষ্ঠু নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার জন্য চেষ্টা করছে, তাদের আইনের আওতায় আনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ও অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে, আইনের আওতায় আনার জন্য অনুরোধ করেন। তিনি মাদকসেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। | সামজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা তথ্য প্রচারকারীকে আইনের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তাড়াশ থানা, তাড়াশ, সিরাজগঞ্জ। |
| ০৮। ভাইস চেয়ারম্যান, তাড়াশ সভায় জানান, গত ১৭ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখ তাড়াশ পৌরসভার নির্বাচন অবাধ, সুষ্ঠু ভাবে সম্পন্ন হওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে ধন্যবাদ দেন। তিনি আরও জানান, পৌরসভা নির্বাচনে যে সব সরকারি দপ্তরের কর্মকর্তাগণ দায়িত্বপালন করেছেন সেই সব কর্মকর্তাগণকে আন্তরিক ধন্যবাদ দেন। তিনি জানান পৌরসভা নির্বাচন অবাধ সুষ্ঠু, সুন্দরভাবে সম্পন্ন হওয়ার পরও কতিপয় ব্যক্তি নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথা বানোয়াট তথ্য ছড়াচ্ছে, তিনি সে বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ও অফিসার ইন-চার্জ, তাড়াশ থানাকে অনুরোধ করেন। তিনি তাড়াশ সদর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। তিনি কোয়ার্টারে চুরি রোধে আবাসিক এলাকায় চারদিকে বাউন্ডারি করার জন্য অনুরোধ করেন। তিনি মাদকসেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। | | |
| ০৯। অফিসার ইন-চার্জ (তদন্ত), তাড়াশ থানা সভায় জানান যে, তাড়াশ পৌরসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও অবাধ সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার জন্য সার্বিকভাবে সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, আনসার সদস্য, রাজনৈতিক ব্যক্তি, সাংবাদিক ও গ্রাম পুলিশসহ সকলকে আন্তরিক ধন্যবাদ দেন। তিনি জানান নির্বাচন পরবর্তী সময়ে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার জন্য কতিপয় ব্যক্তি সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা বানোয়াট তথ্য প্রচার করছে সে | সামজিক যোগাযোগ মাধ্যমে বানোয়াট মিথ্যা তথ্য প্রচার ও উপজেলা কোয়ার্টারে চুরি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সহ এবং সন্ত্রাস বা নাশকতার আশংকা দেখা | ১। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।<br>২। সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ, সিরাজগঞ্জ। |

| | | |
|---|---|---|
| বিষয়ে যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি উপজেলা কোয়ার্টারে চুরির রোধে আবাসিক এলাকায় আনসার সদস্য নিয়োগ ও সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য অনুরোধ উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ কে অনুরোধ করেন। উপজেলা আবাসিক এলাকায় অযথা ব্যক্তি ঘোরাঘুরি রোধে পুলিশ টহলের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান। উপজেলায় যে সব রাস্তা দিয়ে প্রবেশ করা এবং বের হয় সেসব জায়গাতে সিসি ক্যামেরা লাগানোর জন্য অনুরোধ করেন। তিনি রাত আটটার পর ভাড়ায় চালিত মটরসাইকেল চলাচল না করার জন্য অনুরোধ করেন। অন্যান্য গুরুত্বপূর্ণ রাস্তা পুলিশ টহল জোরদার করা হয়েছে, পুলিশ টহলের গাড়ী না থাকার কারণে সমস্যা হচ্ছে। নিয়মিত ওয়ারেন্ট তামিল করা হচ্ছে। সর্বশেষে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | দিলে তাৎক্ষণিকভাবে তা অফিসার ইনচার্জ, তাড়াশ থানাকে অবহিত করার জন্য উপস্থিত সকল কে অনুরোধ করা হলো। | |

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, সুষ্ঠু আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য এবং তাড়াশকে মাদকমুক্ত করতে আইন-শৃঙ্খলা বাহিনী ও ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং যেকোন রকম বিশৃঙ্খলা রোধে তাৎক্ষণিকভাবে প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ করেন। সভাপতি পুনরায় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে ইউনিয়ন ও ওয়ার্ড আইন-শৃঙ্খলা কমিটির সভা করা এবং প্রতি জুম্মার নামাজের খুৎবায় মসজিদের ইমামগণকে সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে, বাল্য বিবাহের কুফল বর্ণনা করার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে ও আইন-শৃঙ্খলা রক্ষার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মেজবাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
তাড়াশ, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮৮৯.০০০.১০.০০১.২৩.[illegible](৪০)

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩০ / ২০ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৬। সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ, সিরাজগঞ্জ।
৭। উপজেলা-------------------------------------------------------------অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
৮। প্রশাসক, তাড়াশ পৌরসভা, তাড়াশ, সিরাজগঞ্জ।
৯। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা, সিরাজগঞ্জ।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ। (তাকে কার্যবিবরণীটি উপজেলা ওয়েব পোর্টালে আপলোডের জন্য বলা হলো)।
১১। চেয়ারম্যান-----------------------------------------------------(সকল) ইউপি, তাড়াশ, সিরাজগঞ্জ।
১২। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক -------------------------------- কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়/বিদ্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ।
১৩। সভাপতি/সম্পাদক-----------------------------------------------------।
১৪। জনাব-------------------------------------------------------------

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
তাড়াশ, সিরাজগঞ্জ।

ca halim,Law and Order 250